দাঁড়াও আমার আঁখির আগে ।
তোমার দৃষ্টি হৃদয়ে লাগে ॥
সমুখ-আকাশে চরাচরলোকে    এই অপরূপ আকুল আলোকে দাঁড়াও হে,
আমার পরান পলকে পলকে    চোখে চোখে তব দরশ মাগে ॥
এই-যে ধরণী চেয়ে ব'সে আছে    ইহার মাধুরী বাড়াও হে ।
ধুলায় বিছানো শ্যাম অঞ্চলে   দাঁড়াও হে নাথ, দাঁড়াও হে ।
যাহা-কিছু আছে সকলই ঝাঁপিয়া, ভুবন ছাপিয়া, জীবন ব্যাপিয়া দাঁড়াও হে ।
দাঁড়াও যেখানে বিরহী এ হিয়া    তোমারি লাগিয়া একেলা জাগে ॥

---

Parjaay: Puja, Taal: Teyora, Raag: Behaag

Visit www.geetabitan.com for notation and other detail